



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)



খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী (জানুয়ারি-মার্চ, ২০২৩)(তৃতীয় কোয়ার্টার)

সভাপতি মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ ১২-০২-২০২৩ খ্রি.
সভার সময় সকাল ০৯.০০ ঘটিকা
স্থান বিএমডির সভা কক্ষ
উপস্থিতি পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুযায়ী সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন। তিনি জানান বিএমডির সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার লক্ষ্যমাত্রা রয়েছে। তিনি জানান, দ্বিতীয় কোয়ার্টার পর্যন্ত বিএমডির সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা আছে। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী সেবাপ্রত্যাশীদেরকে সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	কার্যক্রম/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	১.১ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	পরিবীক্ষণ কমিটি নির্ধারিত সময়ের মধ্যে পুনর্গঠন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
	১.৪ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.	২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক দ্বিতীয় প্রশিক্ষণটি ০৫ জানুয়ারি ২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণের প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ এবং নির্ধারিত সময়ে উর্ধ্বতন অফিসে প্রেরণ করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
	২.২ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ০২ টি সভা আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে দ্বিতীয় অবহিতকরণ সভাটি ফেব্রুয়ারি, ২০২৩ মাসের মধ্যে আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সম্পন্ন করা হয়।

(Signature)

মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২.১৩২

তারিখ: ৩০ মাঘ ১৪২৯

১৩ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৫) পি.এ টু মহাপরিচালক/পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)(মহাপরিচালক/পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা;
- ৬) অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)